# উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ
## ঋষি বঙ্কিম সরনী, বারাসাত।

☎ ২৫৫২-৩০০৫

স্মারক নং ১৩৭৫/২৬এন.জেড.পি. তাং-১৫/২/২০১৪

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের অধীনস্থ ফেরিঘাট/মেয়াদী লীজ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নিলামে অংশগ্রহণ করিতে চাহিলে নিম্নে বর্ণিত শর্তাবলী মেনে অংশগ্রহণ করিতে বাধ্য থাকিবেন।

### শর্তাবলী

১) নীলাম ডাকের সময় নীলাম মুল্যের ১০ শতাংশ হারে আর্নেস্ট মানি হিসাবে **Bank Draft**, **"North 24 Parganas Zilla Parishad"**- এই নামে **Payable at Kolkata** হিসাবে যে কোন জাতীয় ব্যাঙ্কের **Bank Draft** জমা দিতে হবে। এটি নীলামে অসফল ব্যক্তিদের জন্য ফেরৎ যোগ্য এবং সফল ব্যক্তির ক্ষেত্রে সমুদয় ডাকের টাকা জমা দেবার পর ফেরৎ যোগ্য।

২) নিলামে অংশগ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তি নিলামের দিন সংশ্লিষ্ট ফেরীঘাট -এর নাম উল্লেখ করে উক্ত ব্যাঙ্কড্রাফট এবং সচিত্র ভোটার পরিচয় পত্রের/ প্যান কার্ডের প্রত্যয়িত জেরক্স কপি দপ্তরে জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করিবেন। উল্লেখ থাকে যে, ডাকদাতাগনের কোনও প্রতিনিধি বা স্থলাভিষিক্তগনকে উক্ত নিলাম ডাকে অংশগ্রহন করিতে দেওয়া হইবে না।

৩) নিলাম কার্য সম্পাদনের পর ডাকের সমুদয় টাকার ২৫ শতাংশ উক্ত দিন জেলা পরিষদে (নগদে অথবা **Account Payee Cheque**-এ) প্রদান করতে হবে। অর্থ জমা দেবার পরবর্তী ৭টি কাজের দিনের মধ্যে নির্বাচিত ডাকদাতা ডাকের অবশিষ্ট ৭৫ শতাংশ টাকা (আর্নেস্ট মানি ব্যাতিরেকে ) পরিষদ ভবনে এককালীন ব্যাঙ্কড্রাফটে প্রদান করিতে বাধ্য থাকিবেন, অন্যথায় তাঁহার ডাক বাতিল ও অগ্রাহ্য হইবে এবং তাঁহার দ্বারা জমাকৃত টাকা নোটিশ ব্যতিরেকে বাজেয়াপ্ত হইবে। পর্যায়ক্রমে পরবর্তী ২ জন নিলামডাকদাতাদের টাকা (যাহা কোনও অবস্থাতেই জেলা পরিষদের স্থির করা ন্যূনতম অর্থের কম হইবে না)জমা দেবার জন্য বলা হবে। যদি তাঁহারা ডাকে সমুদয় টাকা (আর্নেস্ট মানি ব্যাতিরেকে) পরবর্তী ৭টি কাজের দিনের মধ্যে পরিশোধ করিতে না পারেন তাহা হইলে পর্যায়ক্রমে ঐ সমস্ত ডাকদাতাদের জমাকৃত টাকা বাজেয়াপ্ত হইবে এবং জেলা পরিষদ উক্ত ডাকটি বাতিল ও নামঞ্জুর বলিয়া ঘোষণা করিতে পারেন এবং ঐ ডাকটি পূনঃনিলাম করিতে পারেন। যে সকল ডাকাদাতা সুযোগ প্রদান সত্বেও তাঁহাদের ডাকে সমুদয় টাকা প্রদান করিতে অসমর্থ হইয়াছেন তাঁহাদেরকে পুনরায় ঐ একই ডাকে অংশগ্রহন করিতে দেওয়া হইবে না এবং এই ব্যাপারে তাঁহাদের কোনও ওজরআপত্তিও গ্রাহ্য হইবে না।

৪) নিলামে ব্যাঙ্ক ড্রাফটসহ অংশগ্রহণ করার পর যদি ডাকদাতা/ডাকদাতার কোন ডাক/দর দিতে অস্বীকার করেন তাহলে ডাকের বাধাদানের অপরাধে ডাকদাতাদের জমাকৃত আর্নেস্ট মানির সমুদয়টাকা বাজেয়াপ্ত হইবে। এই ব্যাপারে তাঁহাদের কোন ওজর/আপত্তি গ্রাহ্য হইবে না।

৫) লিজ-এর সমুদয় অর্থ জমা করিবার ৭ দিনের মধ্যে ডাকদাতা/লিজ গ্রহীতা তাঁহার নিজ খরচে পরিষদের সহিত চুক্তিপত্র সম্পাদন করিতে বাধ্য থাকিবেন। অন্যথায় তাঁহার জমাকৃত সমস্ত টাকা (আরনেস্টমানিসহ) বাজেয়াপ্ত করা হবে এবং পরিষদ উক্ত ডাকটি বাতিল করে পুনরায় নিলাম ডাকের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

......২.........

৬) ইজারাকৃত ফেরীঘাটটির পরিচালনার দায়িত্ব কোনও অবস্থাতেই ইজারাদার অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে হস্তান্তর করিতে পারিবে না।

৭) সংশ্লিষ্ট ফেরী ঘাটের পারাপারের ক্ষেত্রে জেলা পরিষদের নির্ধারিত (রেট অনুযায়ী) ও অনুমোদিত রেট বোর্ড ইজারাদারকে নিজ খরচে ঘাটের উভয় পার্শ্বে অবশ্যই টাঙিয়ে রাখিতে হইবে এবং সেই অনুযায়ী টোল আদায় করিতে ইজারাদার বাধ্য থাকিবে।

৮) খেয়াঘাটের দুপাশে ইজারাদারকে নিজ খরচায় পর্যাপ্ত আলো, জল এবং স্যানিটেশনের ব্যবস্থা করিতে হইবে ।

৯) বড় নদীর ফেরীঘাটের প্রতিদিকে কমপক্ষে দুটি নৌকার ব্যবস্থা রাখিতে হইবে।

১০) ফেরী সার্ভিস সকাল ৫টা থেকে রাত্রি ৯টা পর্যন্ত খোলা রাখিতে হইবে।

১১) ইজারার মেয়াদ উত্তীর্ণ হইবার পর ফেরিঘাটের পূর্ণ খাস দখল জেলা পরিষদের অনুকূলে বর্তাইবে। কিন্তু কোন প্রশাসনিক কারণে পরিষদ উক্ত ঘাটটি পুনরায় নিলাম করিতে অসমর্থ হইলে পূর্ববর্তী ইজারাদার উক্ত ঘাটটির জন্য পরবর্তী ইজারাদারের দখল গ্রহণ পর্যন্ত (দখলনামার শর্তানুযায়ী) ইজারাদার হিসাবে নিযুক্ত থাকিবেন এবং ইজারার টাকার উপর হারাহারি হারে অর্থ পরিষদের অনুকূলে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১২) ফেরি ঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখিবার দায়িত্ব ইজারাদারের। পরিচ্ছন্নতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্চায়েতের কোন নিয়মাদি থাকিলে তাহা ইজারাদার স্থানীয় নিয়ম হিসাবে পালন করিবেন।

১৩) লীজ গ্রহীতা নৌকার আয়তন অনুযায়ী ভারবহননলোকপারাপার করবেন। অতিরিক্ত ভারবহন বা লোকবহনের জন্য কোন দুর্ঘটনা ঘটলে ইজারাদার তার জন্য দায়বদ্ধ থাকবেন।

১৪) লীজগ্রহীতা কোনরূপ বেআইনি দ্রব্য পারাপার ও পাচারের কাজে লিপ্ত হলে তার ডাক বা ইজারার মেয়াদ সাথে সাথে বন্ধ করে দেওয়া হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) নীলাম ডাক গ্রহন/বর্জন এবং ডাকে অংশগ্রহণের অনুমতি প্রদানের ক্ষেত্রে পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত।

উপরিউক্ত শর্তাবলীর কোনরূপ পরিবর্তন বা পরিবর্ধনের সকল ক্ষমতা পরিষদের পক্ষে সভাধিপতি মহোদয় প্রয়োগ করিতে পারিবেন।

বি. আচার্য্য
নির্বাহী বাস্তুকার
উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।
১৮/২/১৪

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ
ঋষি বঙ্কিম সরনী, বারাসাত।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের নিম্নলিখিত ফেরীঘাট/পুকুরগুলির নীলামডাক আগামী ২৫/০২/১৪ তারিখে বেলা ২টায় পরিষদ ভবনে অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট সময়ে ইচ্ছুক ডাকদাতাগনকে পরিষদের তিতুমীর সভাকক্ষে উপস্থিত থেকে নীলামডাকে অংশগ্রহনের জন্য আহ্বান করছি।

### ১ম ডাক

| ক্রমিক | ফেরীঘাট | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভবানীপুর ভুরকুন্ডা | হাসনাবাদ | ৬,৫৩,৬০০.০০ | ৬৫,৩৫০.০০ | দখল নেবার দিন থেকে- ১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

### ২য় ডাক

| ক্রমিক | ফেরীঘাট | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | তেলিয়া | দেগঙ্গা | ৫৬,৯৮০/- | ৫৭০০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |
| ২ | বেড়মজুর | সন্দেশখালি-১ | ৫৯,৫০০/- | ৫,৯৫০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |
| ৩ | ঘটিহারা | সন্দেশখালি-২ | ১৭,৩০০/- | ১৭৫০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

| ক্রমিক | পুষ্করিনী | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | মহিষপোতা | বারাকপুর ২ | ১৫,৯৭০/- | ১৬০০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |
| ২ | আখরপুর | বসিরহাট-১ | ৬০৫০/- | ৬০০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

### ৩য় ডাক

| ক্রমিক | ফেরীঘাট | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ইটিন্ডা | বসিরহাট-১ | ১,৯৮,০০০.০০ | ১৯,৮০০.০০ | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

## ৪র্থ ডাক

| ক্রমিক | পুস্করিনী | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | উত্তর কোলসুর | দেগঙ্গা | ২৮,৮৪০/- | ২৮০০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |
| ২ | নেহালপুর | বসিরহাট-১ | ২১,০১৮/- | ২১০২/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

## ৫ম ডাক

| ক্রমিক | ফেরীঘাট | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | বাউনিয়া | মিনাখাঁ | ২,৪১,৭৮০/- | ২৪,১৫০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |
| ২ | পারঘাটা | হাসনাবাদ | ৭৮,১০০/- | ৭৮০০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

| ক্রমিক | পুস্করিনী | পঞ্চায়েত সমিতি | ন্যূনতম ডাকের অর্থের পরিমান | আমানতের অর্থ | মেয়াদ | স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | বিশ্বাসহাটি | হাবড়া ১নং | ৬৮২০/- | ৬৫০/- | ১৫/০৪/১৪ -১৪/০৪/১৫ | উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ ২৫/০২/১৪, সময় ২টা |

*পুকুরঘাট ও খেয়াঘাটের শর্তাবলী সংযোজিত হলো।

*আমানতের টাকা "NORTH 24 PARGANAS ZILLA PARISHAD"

এই নামে যে কোন ব্যাঙ্কের 'BANK DRAFT' নীলাম ডাকের সময় জমা দিতে হবে।

*ভোটের সচিত্র পরিচয় পত্রের জেরক্স ডাকের সময় জমা দিতে হবে।

বি. আচার্য্য

নির্বাহী বাস্তুকার

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

(চিঃ) ২০/২/১৪

স্মারক নং ১১১৫(২৬)/এন.জেড.পি. তাং- ১৪/২/১৪

পত্রের অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলোঃ-

১) অধ্যক্ষ, জেলা কাউন্সিল, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

২) সচিব, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৩) উপ-সচিব, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৪) অর্থ নিয়ন্ত্রক ও মুখ্য গনন আধিকারিক, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ। ৫) মহকুমা শাসক, ..................................................................................। (৬) জেলা বাস্তুকার, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

৭) সভাপতি, ........................................................................................ পঃ সমিতি

৮) প্রধান, ............................................................................................. গ্রাম পঞ্চায়েত।

৯) ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, .......................................................... পঃসমিতি।

১০) নির্বাহী আধিকারিক, .................................................................. পঞ্চায়েত সমিতি, পত্রে উল্লেখিত দিন, সময় ও স্থানে নীলামডাকের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আপনার পঞ্চায়েত সমিতির মধ্যে যেসকল খেয়াঘাট ও পুকুরঘাটের নীলামডাকের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংবাদ সংশ্লিষ্ট সকল প্রধান মহাশয়ের গোচরে আনার এবং সংশ্লিষ্ট খেয়াঘাট ও পুকুরঘাটগুলিতে পরিষদের প্রেরিত বিজ্ঞাপনটি টাঙানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি ব্যাপকভাবে প্রচারের জন্য।

১১) আপ্ত সহায়ক, সভাধিপতি, উত্তর ২৪ পরগনা পরিষদ।

১২) আপ্ত সহায়ক, অপর নির্বাহী আধিকারিক, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

১৩) সহঃবাস্তুকার, উত্তর ২৪ পরগনা জেলাপরিষদ, আপনাকে নীলামডাকের দিন উপস্থিত থাকার অনুরোধ করছি। এছাড়াও সমস্ত খেয়াঘাট এবং পুকুরঘাটের সন্নিকট অঞ্চলে মাইক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। সংশ্লিষ্ট খরচের বিল অত্র অফিসে পাঠালে প্রদান করা হবে।

১৪) ................................................... আপনি পরিষদের ................................... পুষ্করিনীর/খেয়াঘাটের ইজারাদার। পত্রে উল্লেখিত সুচিনুযায়ী নীলামডাক নির্ধারিত হয়েছে। আপনি ইচ্ছুক থাকলে ডাকে অংশগ্রহণ করতে পারেন।

১৫) ........................................................................... আপনি ইচ্ছুক থাকলে ডাকে অংশগ্রহণ করতে পারেন।

১৬) ........................................................................................................... আপনার অবগতির জন্য।

নি. আচার্য্য

নির্বাহী বাস্তুকার

উত্তর ২৪ পরগনা জেলা পরিষদ।

১৪০